# চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
# CHITTAGONG MEDICAL UNIVERSITY

## বাতায়ন
চমেবি বার্তা

সংখ্যা: ০৩, প্রকাশকাল: ৩০ মে, বর্ষ-২০২৩, বাংলা: ১৬ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত




বাংলাদেশের নব নির্বাচিত মহামান্য রাষ্টপতি ও চট্টগ্রাম মেডিকেল বিশ্ববদ্যালয়ের আচার্য জনাব মোহাম্মদ সাহাবুদ্দিন কে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. ইসমাইল খান এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন। মহামান্য আচার্যের দিকনির্দেশনা বিশ্ববিদ্যালয়ের আগামীর পথচলাকে করবে আরো বেশি সমৃদ্ধ এবং সাফল্যময়।




ইস্টার্ন ইউনিভার্সিটি, বিরুলিয়া, সাভার কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবসের আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। ইস্টার্ন ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইস্টার্ন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ড. মো. শামসুদ্দোহা খন্দকার। অনুষ্ঠানে চট্টগ্রাম মেডিকল বিশ্ববিদ্যালয়ের উপ পরিচালক ডা. বিদ্যুৎ বড়ুয়া, ইস্টার্ন ইউনিভার্সিটির সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।




চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) Formulation, Challenges & Implementation বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের সভাপতিত্বে প্রধান অতিথি ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. আবু তাহের। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপ পরিচালক ডা. বিদ্যুৎ বড়ুয়ার উপস্থাপনায় প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন ও কর্মকর্তা/কর্মচারী বৃন্দ অংশগ্রহন করেন।




কমিউনিটি ক্লিনিক এর জাতিসংঘ কর্তৃক আন্তর্জাতিক স্বীকৃতিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন

কমিউনিটি ক্লিনিক এর জাতিসংঘ কর্তৃক আন্তর্জাতিক স্বীকৃতিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। তিনি বলেন, সার্বজনীন স্বাস্থ্য পরিষেবা এবং জাতিসংঘ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে আর্ন্তজাতিক সহযোগিতা বৃদ্ধিতে এই রেজুলেশনের সুদূরপ্রসারী প্রভাব রয়েছে। কারণ এটি সদস্য দেশগুলোকে, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোতে এই কমিউনিটি ক্লিনিক ভিত্তিক মডেল স্বাস্থ্যব্যবস্থা প্রবর্তন ও বাস্তবায়নে আর্ন্তজাতিক আর্থিক প্রতিষ্ঠান, বহুপক্ষীয় এবং আঞ্চলিক উন্নয়ন ব্যাংক ও দাতাদের যথাযথ কারিগরি ও আর্থিক সহযোগিতা প্রদানের জন্য আমন্ত্রণ জানায়।

উল্লেখ্য, বাংলাদেশের সব মানুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবার আওতায় আনার লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৮ সালে বাংলাদেশে এই অনন্য কমিউনিটি ক্লিনিকভিত্তিক স্বাস্থ্যব্যবস্থা চালু করেছিলেন, যা সারাদেশের তৃণমূল পর্যায়ের মানুষের দোরগোড়ায় সরকারের প্রাথমিক স্বাস্থ্যসেবার সুফল পৌঁছে দেওয়ার ক্ষেত্রে বিপ্লব ঘটিয়েছে। মানুষকে নিরবিচ্ছিন্ন স্বাস্থ্যসেবা দেওয়ার লক্ষ্যে সরকার এ পযন্ত সারা দেশে পাবলিক-প্রাইভেট অংশীদারত্বে ১৪ হাজারেরও বেশ কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করেছে।



চট্টগ্রাম মেডিকেল কলেজ শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত ২য় আর্ন্তজাতিক সাইন্টিফিক কনফারেন্স এর সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে অনলাইনে সংযুক্ত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি এবং বঙ্গবন্ধু ও বাংলাদেশ নিয়ে প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ, অধ্যাপক ডা. সাহেনা আক্তার এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. টিটু মিয়া . চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এর পরিচালক, শিক্ষক সমিতির সভাপতি, কলেজের উপাধাক্ষসহ কলেজের শিক্ষক এবং প্রাক্তণ শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।




চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত Generic Topics On Medical Humanities Based on Updated MBBS Curriculum-2021 এর মূল প্রবন্ধ উপস্থাপন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। বেসিক সাইন্স ও প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদের ডিন, অধ্যাপক ডা. মো. হাফিজুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের ডিন, অধ্যাপক ডা. সাহেনা আক্তার, নার্সিং অনুষদের ডিন, অধ্যাপক ডা. মোহাম্মদ মনোয়ার উল হক, ডেন্টাল অনুষদের ডিন, অধ্যাপক ডা. মো. আকরাম পারভেজ চৌধুরী, বিভিন্ন মেডিকেল কলেজে ও ডেন্টাল কলেজের অধ্যক্ষ, ফেইজ কোঅর্ডিনেটর, বিষয় ভিত্তিক কো অর্ডিনেটর ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহন করেন।




ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় হল রুমে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান এর সভাপতিত্বে "ঐতিহাসিক ৭ মার্চের তাৎপর্য" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক ডা. বিদ্যুৎ বড়ুয়ার উপস্থাপনায় আলোচনা সভায় ডেন্টাল অনুষদের ডিন, অধ্যাপক ডা. মো. আকরাম পারেভজ চৌধুরী, পরীক্ষা নিয়ন্ত্রক ডা. মোহাম্মদ দেলওয়ার হোসেন, বিআইটিআইডির পরিচালক (ভারপ্রাপ্ত ) ডা. মো. সাখাওয়াত উল্লাহ, বিআইটিআইডির সহযোগী অধ্যাপক ডা. মামুনুর রশীদ, চমেবির উপ রেজিস্ট্রার ডা. হাসিনা নাসরীন, বিআইটিআইডির সহকারী অধ্যাপক ডা.জাকির হোসেন, চমেবির সহকারী রেজিস্ট্রার মো. আলাউদ্দিন স্বপন, সহকারী পরিচালক (অর্থ) মো. মিছবাহ ইবনে হাকিম, সহকারী রেজিস্ট্রার (একাডেমিক) ডা. মাহিদ বিন আমীন, শাখা কর্মকর্তা আসিফ আল হোসাইন, প্রকিউরমেন্ট অফিসার কাজী মুসফিকুর সালেহীন, বিআইটিআইডির মেডিকেল টেকনিশিয়ান খন রঞ্জন দত্ত সহ চমেবি ও বিআইটিআইডির অন্যান্যরা বক্তব্য প্রদান করেন। বক্তারা তাদের বক্তব্যে ঐতিহাসিক ৭ মার্চের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিন্ডিকেট সদস্য অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, চেয়ারম্যান নিউরোলজি বিভাগ, বিএসএমএমইউ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামানসহ উপাচার্য মহোদয় বঙ্গবন্ধু মূর্যালে শ্রদ্ধাঞ্জলি জ্ঞপন করেন।



মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসের বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান সহ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডিন, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



চট্টগ্রাম আঞ্চলিক জীব বিজ্ঞান উৎসব ২০২৩ এ প্রধান অতিথি হিসেব উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান।



২০২২-২০২৩ শিক্ষাবর্ষের এমবিবিএস ও বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষার বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি এর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। আগামী ১০.০৩.২০২৩ ইং তারিখে এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই বছর ৩৭ টি সরকারী, ৭১ টি বেসরকারী মেডিকেল কলেজে মোট ১১,১২২ টি আসনের বিপরীতে মোট ১৯ টি কেন্দ্রের ৫৭ টি ভেন্যুতে ১, ৩৯,২১৭ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করবে। সভায় চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানসহ সকল মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বৃন্দ, স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালক বৃন্দ এবং স্বাস্থ্য মন্ত্রণালেয়র সচিব, অতিরিক্ত সচিব, বিএমএ, স্বাচিপ, বিএমডিসি, জনপ্রশাসন, স্বরাষ্ট্র, ডিজিএফআই, পুলিশসহ বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের প্রতিনিধিগণ অংশগ্রহন করেন।




বিভিন্ন দেশের কূটনৈতিক, হাইকমিশনার, রাষ্ট্রদূত এবং বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে Diplomats Night এ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাসান মাহমুদ এম পি বক্তব্য রাখেন। এসময় চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান বক্তব্য রাখেন।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের (ডিপিপি) সংক্রান্ত কাজে বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন পরিকল্পনা মন্ত্রণালয় ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ।



ইস্টার্ন মেডিকেল কলেজ হাসপাতাল এর নব নির্মিত ইন্টার্ন ডক্টরস হোস্টেল উদ্বোধন করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান এর সভাপতিত্বে চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ ও ইন্টারন্যাশনাল নার্সিং কলেজের পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠিত হয়।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজের অধ্যক্ষ, ফাইনাল পেশাগত পরীক্ষার সকল বিষয়ের বিভাগীয় প্রধান ও চমেবির সকল অনুষদের ডিন ও চমেবির সকল বিভাগীয় প্রধানের অংশগ্রহনে "চিকিৎসা অনুষদের সভা ও ফাইনাল পেশাগত পরীক্ষার কোর্স এন্ড স্টাডিজের" সভা অনুষ্ঠিত হয়।



OGSB চট্টগ্রাম শাখা কর্তৃক ২ দিন ব্যাপী আয়োজিত Master Class & Live Workshop এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। কর্মশালায় দেশী - বিদেশী রির্সোস পার্সন ও বাংলাদেশের গাইনী বিশেষজ্ঞগণ এবং চট্টগ্রাম মেডিকেল কলেজের গাইনী বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহন করেন।



ত্রিপুরা পাড়া ২০০২-০৪ এর স্বাস্থ্যসেবা কার্যক্রম এর প্রধান অতিথি জননেতা জনাব ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এম পি , বিশেষ অতিথি চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান, বিশেষ অতিথি উপ পরিচালক ডা বিদ্যুৎ বড়ুয়া ও উপজেলা নির্বাহী অফিসার মাহফুজা জেরিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।



অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন দপ্তরের বিভাগীয় প্রধানগণ স্টেকহোল্ডার হিসেবে অংশগ্রহন করেন।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের সভাপতিত্বে নৈতিকতা কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ কর্তৃক আয়োজিত DU Pharma Fest 2023 এ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। আরো উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি অনুষদের ডিন, অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ ও নার্সিং ইন্সটিটিউটের চিকিৎসকদের ৪৬ লাখ গবেষণা অনুদান দেওয়া হয়।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে ১ম বর্ষ বিএসসি পোস্ট বেসিক নার্সিং ও পাবলিক হেলথ নার্সিং, জুন ২০২১, ২য় বর্ষ বিএসসি পোস্ট বেসিক নার্সিং ও পাবলিক হেলথ নার্সিং, জুন,২০২১ ও ২য় বর্ষ পাবলিক হেলথ নার্সিং, জুলাই, ২০২১. পরীক্ষার ফল প্রকাশিত হয়।




রোটারেক্ট ক্লাব অফ চিটাগং সাগরিকা এর অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথি চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো ইসমাইল খান এবং অন্যান্য অতিথিবৃন্দ।




স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব, জনাব সাইফুল হাসান বাদলের বিদায় এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নতুন সচিব, জনাব মো. আজিজুর রহমানের বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর সিন্ডিকেট সভা মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো.ইসমাইল খান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।



চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহনে সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খানের সভাপতিত্বে এবং সহকারী পরিচালক (অর্থ) মিছবাহ ইবনে হাকিম এর উপস্থাপনায় প্রশিক্ষণ প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার ও এপিএ ফোকাল মো. আলাউদ্দিন। বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডিন ও কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণে অংশগ্রহন করেন।



হামদর্দ বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত "ইউনানী দিবস ২০২৩" এ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। জাতীয় অধ্যাপক ডা. এ কে আজাদ খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মো. ফরিদুল হক খান, এম পি। আরো উপস্থিত ছিলেন হামদর্দ ল্যাবরেটরীজ ওয়াকফ এর ব্যবস্থাপনা পরিচালক ড. হাকীম মো. ইউছুপ হারুন ভূইয়া, হামদর্দ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, ইন্ডিয়ান হাইকমিশনের প্রতিনিধিসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ ও হামদর্দ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ।




চট্টগ্রাম আওয়ামী লীগ উত্তর জেলা আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মাননীয় উপাচার্য, প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় স্বাধীনতা পদক প্রাপ্ত অধ্যাপক ড. অনুপম সেন , চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো.ইসমাইল খান সভাপতিত্ব করেন চট্টগ্রাম আওয়ামী লীগ উত্তর জেলার সভাপতি জনাব এম এ সালাম।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও মুজিব কর্নার এর বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান সহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



১০ জানুয়ারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়।

**প্রধান উপদেষ্টা**
**অধ্যাপক ডা. মো.ইসমাইল খান**
মাননীয় উপাচার্য
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

**চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়**
**CHITTAGONG MEDICAL UNIVERSITY**

**সম্পাদক**
**ডা. বিদ্যুৎ বড়ুয়া**
উপ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

তথ্য ও ছবি: মো: আলাউদ্দিন স্বপন, সহকারী রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়।

**বিআইটিআইডি ভবন, ফৌজদারহাট, চট্টগ্রাম, বাংলাদেশ**

**ফোন:** ০১৮৪৪ ২১৬৩১৩, ০১৮৪৪ ২১৬৩১৪

**ই-মেইল** info@cmu.edu.bd

**ওয়েবসাইট:** www.cmu.edu.bd